



মনিপুর উচ্চ বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

মিরপুরে মনিপুর উচ্চ বিদ্যালয়ে অচলাবস্থা দূর করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য মনিপুর উচ্চ বিদ্যালয় অভিভাবক ফোরাম সরকারের কাছে জোর দাবি জানিয়েছে। বিদ্যালয়ে যেসব শিক্ষক শিক্ষার পরিবেশ নষ্ট করার জন্য দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে দেশের নামকরা শিক্ষা প্রতিষ্ঠানটি ধরংসের হাত থেকে রক্ষা করার জন্য দলমত নির্বিশেষে সকলকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়।

গতকাল সোমবার সকালে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই অভিভাবক ফোরাম এ আহ্বান জানায়। সাংবাদিক সম্মেলনে অভিভাবক ফোরামের নেতৃবৃন্দ জানান, বিদ্যালয়ের কতিপয় শিক্ষক ও ব্যবস্থাপনা কমিটির সদস্য বিদ্যালয়টিকে কোচিং সেন্টার খুলে ব্যবসা কেন্দ্রে পরিণত করার চেষ্টা চালান। বিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশংকায় প্রধান শিক্ষক এ ব্যাপারে বাধা দেন। এ নিয়ে তাদের মধ্যে দন্দ শুরু হয়। দিনের পর দিন এ নিয়ে বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নষ্ট হতে থাকে। অভিভাবকবৃন্দ জানান, ৪/৫ মাস ধরে বিদ্যালয়ে লেখাপড়া প্রায় বন্ধ রয়েছে। সম্মানদের ভবিষ্যতের কথা চিন্তা করে ঐতিহ্যবাহী বিদ্যালয়ের সুনাম রক্ষার্থে সচেতন অভিভাবকবৃন্দ এগিয়ে আসেন এবং বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি ও প্রধান শিক্ষকের সাথে কথা বলে স্বাভাবিক শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য

অনুরোধ জানান। কিন্তু এতে কোন ফলই হয়নি।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মনিপুর উচ্চ বিদ্যালয় অভিভাবক ফোরামের আহ্বায়ক আবু সুফিয়ান তালুকদার। উপস্থিত ছিলেন গোলাম নবী, মিসেস সেলিনা হাফিজ, হোসনে আরা আফরোজ রোজী, আলহাজ্ব আজিজুর রহমান বাচ্চু, কেএম জামান, নজরুল ইসলাম মল্লিক, শাহাবুদ্দিন মোস্তা, আমানুল হক চৌধুরী প্রমুখ।